# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৬২

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ দাড়ির (অসমান) অংশ ছাটা।

## بَابُ مَا جَاءَ فِي الأَخْذِ مِنَ اللِّحْيَةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عُمَرُ بْنُ هَارُونَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَأْخُذُ مِنْ لِحْيَتِهِ مِنْ عَرْضِهَا وَطُولِهَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ عُمَرُ بْنُ هَارُونَ مُقَارِبُ الْحَدِيثِ لاَ أَعْرِفُ لَهُ حَدِيثًا لَيْسَ إِسْنَادُهُ أَصْلاً أَوْ قَالَ يَنْفَرِدُ بِهِ إِلاَّ هَذَا الْحَدِيثَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَأْخُذُ مِنْ لِحْيَتِهِ مِنْ عَرْضِهَا وَطُولِهَا . لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عُمَرَ بْنِ هَارُونَ وَرَأَيْتُهُ حَسَنَ الرَّأْىِ فِي عُمَرَ بْنِ هَارُونَ . قَالَ أَبُو عِيسَى وَسَمِعْتُ قُتَيْبَةَ يَقُولُ عُمَرُ بْنُ هَارُونَ كَانَ صَاحِبَ حَدِيثٍ وَكَانَ يَقُولُ الإِيمَانُ قَوْلٌ وَعَمَلٌ .

قَالَ سَمِعْتُ قُتَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعُ بْنُ الْجَرَّاحِ، عَنْ رَجُلٍ، عَنْ ثَوْرِ بْنِ يَزِيدَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَصَبَ الْمَنْجَنِيقَ عَلَى أَهْلِ الطَّائِفِ . قَالَ قُتَيْبَةُ قُلْتُ لِوَكِيعٍ مَنْ هَذَا قَالَ صَاحِبُكُمْ عُمَرُ بْنُ هَارُونَ .

বাংলা

২৭৬২. হান্নাদ (রহঃ) ..... আমর ইবন শুআয়ব তার পিতা তার পিতামহ থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রস্থ ও দৈর্ঘ্যে তাঁর দাড়ির (অসমান) অংশ ছাঁটতেন।

মাওযূ, যঈফা ২৮৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৬২ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এই হাদিসটি গারীব। আমি মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি, উমর

ইবন হারুন হলেন মুকারিবুল হাদিস - হাদীস গ্রহণযোগ্যতার নিকটবর্তী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দাড়ির দৈর্ঘ্যে ও প্রস্থের এই হাদীসটি ছাড়া তার এমন কোন রিওয়ায়ত সম্পর্কে জানি না যার কোন ভিত্তি নেই বা যেটির বর্ণনায় তিনি একা। উমর ইবন হারূন ছাড়া আর কোন সূত্রে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আমি তাকে (বুখারীকে) উমর ইবন হারূন (রহঃ) সম্পর্কে ভাল মত পোষণ করতে দেখেছি।

কুতায়বা (রহঃ)-কে বলতে শুনেছি যে, উমর ইবন হারূন (রহঃ) ছিলেন হাদীস অনুসারী লোক। তিনি বলতেন, ঈমান হল কথা ও আমলের সমন্বিত রূপ।

কুতায়বা আরো বলেন যে, ওয়াকী’ ইবনুল জাররাহ্ (রহঃ) আমাদের কোন এক ব্যক্তির বরাতে ছাওর ইবন ইয়াযীদ (রহঃ) থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়েফবাসীদের বিরুদ্ধে মিনজানীক স্থাপন করেছিলেন। কুতায়বা (রহঃ) বলেন, ওয়াকী’ (রহঃ)-কে জিজ্ঞাসা করলামঃ এই কোন এক ব্যক্তিটি কে? তিনি বললেনঃ আপনাদের সঙ্গী উমর ইবন হারূন।

## English

Narrated 'Amr bin Shu'aib:
from his father, from his grandfather that he Prophet (ﷺ) would take from his beard; from its breadth and its length.

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আমর ইবনু শু‘আয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38114

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন